# চট্টগ্রাম বোর্ড কেন্দ্র পরিবর্তনের সিদ্ধান্ত বাতিল করছে না : ঝুঁকিপূর্ণ কেন্দ্র ২৬

চট্টগ্রাম ব্যুরো

আগামীকাল বৃহস্পতিবার থেকে অনুষ্ঠেয় এইচএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণে চট্টগ্রাম শিক্ষা বোর্ড ব্যাপক প্রস্তুতি গ্রহণ করেছে। প্রস্তুতির অংশ হিসাবে শিক্ষা বোর্ড এবার কেন্দ্র সংকোচন, কেন্দ্র পরিবর্তন, বিকল্প কেন্দ্র স্থাপন, ঝুঁকিপূর্ণ কেন্দ্রে বিডিআর মোতায়েন করাসহ বিভিন্ন সিদ্ধান্ত নিয়েছে। এদিকে কেন্দ্র পরিবর্তনের সিদ্ধান্ত বাতিলের দাবিতে জেলা ও থানার বিভিন্ন কলেজের ছাত্রছাত্রীরা আন্দোলন করে এলেও শিক্ষা বোর্ড শেষ পর্যন্ত তাদের সিদ্ধান্তেই অটল রয়েছে। অর্থাৎ কেন্দ্র পরিবর্তনের সিদ্ধান্ত বাতিল হচ্ছে না।

বোর্ড সূত্র জানিয়েছে, নতুন সিদ্ধান্ত অনুযায়ী গতবার শুধু মহানগরী এলাকার কলেজগুলোতে কেন্দ্র পরিবর্তন করা হলেও এবার মফস্বল এলাকার কলেজগুলোতেও কেন্দ্র পরিবর্তন করা হচ্ছে, অর্থাৎ কোন কলেজের ছাত্রছাত্রীরা নিজ নিজ কলেজে বসে পরীক্ষা দিতে পারবে না। নকল প্রতিরোধের লক্ষ্যে এবার বেশকিছু কেন্দ্র সংকুচিত করা হয়েছে। গতবার এইচএসসি পরীক্ষায় ৯৩টি কেন্দ্র থাকলেও এবার ২৬টি কমিয়ে ফেলা হয়েছে। বিশেষ করে ছাত্রসংখ্যা কম ও ঝুঁকিপূর্ণ বলে চিহ্নিত এমন ২৬টি কেন্দ্র এবার বাতিল করায় কেন্দ্রের সংখ্যা দাড়িয়েছে ৬৭। এর মধ্যেও ১০টি কেন্দ্রকে ঝুঁকিপূর্ণ হিসাবে চিহ্নিত করে এসব কেন্দ্রে প্রয়োজনে বিডিআর মোতায়েন করারও সিদ্ধান্ত রয়েছে বোর্ডের। মহানগরী ছাড়াও ৫টি জেলা সদরে ১টি করে বিকল্প কেন্দ্র রাখা হয়েছে। মূল কেন্দ্রে সমস্যা দেখা দিলে তৎক্ষণাৎ যাতে বিকল্প কেন্দ্রে পরীক্ষা নেয়া যায় এ জন্য এ ব্যবস্থা।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে এবার চট্টগ্রাম ছাড়াও কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান ও রাঙ্গামাটি থেকে ৪০ হাজার ২৩০ জন ছাত্রছাত্রী এইচএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে ২৬ হাজার ৪৩১ জন ছাত্র ও ১৮ হাজার ৭৯৯ জন ছাত্রী রয়েছে।